# দশম শ্রেণি ● বাংলা ● অধ্যায়ভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

## গল্প : 'জ্ঞানচক্ষু' ● কবিতা : 'অসুখী একজন'

### ❖ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

**1. তপনের মেসোমশাই কোন্ পত্রিকার সম্পাদককে চিনতেন-**
a. শুকতারা b. আনন্দমেলা
c. সন্ধ্যাতারা d. দেশ
**উত্তর :** c. সন্ধ্যাতারা

**2. লেখার আসল মূল্য বুঝবে-**
a. ছোটোমাসি b. ছোটোমেসো
c. বড়োমেসো d. তপনের মা
**উত্তর :** b. ছোটোমেসো

**3. ''তপনের হাত আছে''-কথাটির অর্থ হল-**
a. হস্তক্ষেপ b. ভাষার দখল
c. মারামারি d. জবরদস্তি
**উত্তর :** b. ভাষার দখল

**4. তপনের মেসোমশাই কোন্ পত্রিকায় তপনের লেখা ছাপানোর কথা বলেছিলেন-**
a. ধ্রুবতারা b. শুকতারা
c. সন্ধ্যাতারা d. রংমশাল
**উত্তর :** c. সন্ধ্যাতারা

**5. তপনের লেখা গল্পটি নিয়ে কে চলে গিয়েছিলেন-**
a. তপনের মেসোমশাই b. তপনের ছোটোমাসি
c. তপনের মা d. তপনের বাবা
**উত্তর :** a. তপনের মেসোমশাই

**6. তপন তার গল্পটি লিখেছিল-**
a. দুপুরবেলা b. সন্ধেবেলা
c. বিকেলবেলা d. গভীর রাতে
**উত্তর :** a. দুপুরবেলা

**7. ''ছুটি ফুরিয়ে এসেছে'' -ছুটিটি ছিল-**
a. পুজোর b. গরমের
c. বড়োদিনের d. পরিক্ষা প্রস্তুতির
**উত্তর :** b. গরমের

**8. তপন তার লেখা গল্পটা প্রথম শুনিয়েছিল-**
a. বন্ধুদের b. তার মাকে
c. ছোটোমেসোকে d. ছোটোমাসিকে
**উত্তর :** d. ছোটোমাসিকে

**9. ঠাট্টাতামাশার মধ্যে তপন যে-কটি গল্প লিখেছে-**
a. একটি b. দুটি-তিনটি
c. তিনটি-চারটি d. চার-পাঁচটি
**উত্তর :** b. দুটি-তিনটি

**10. ''যেন নেশায় পেয়েছে''-যে নেশার কথা বলা হয়েছে-**
a. গল্প ছাপানোর নেশা
b. মেসোর সমকক্ষ হওয়ার নেশা
c. গল্প লেখার নেশা
d. বাড়িতে সম্মান বাড়ানোর নেশা
**উত্তর :** c. গল্প লেখার নেশা

### ❖ এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)

**1. কখন তপনের চোখ মার্বেল হয়ে গেল ?**
**উত্তর :** তপন যখন শুনল তার নতুন মেসোমশাই একজন লেখক ।

**2. কাকে দেখে তপনের জ্ঞানচক্ষু খুলে গেল ?**
**উত্তর :** ছোটোমেসোমশাইকে দেখে তপনের জ্ঞানচক্ষু খুলে গেল ।

**3. তপনের লেখক হতে বাধা নেই কেন ?**
**উত্তর :** নতুন মেসোকে দেখে তপন বুঝতে পারল তিনি আর পাঁচজনের মতোই সাধারণ মানুষ, আকাশ থেকে পড়া কোনো জীব নন । তাই তার নিজেরও লেখক হতে কোনো বাধা নেই ।

**4. তপনের নতুন মেসো কোন্ পেশার সঙ্গে যুক্ত ছিলেন ?**
**উত্তর :** আশাপূর্ণা দেবী রচিত 'জ্ঞানচক্ষু' গল্পের প্রধান চরিত্র তপনের নতুন মেসো পেশায় অধ্যাপক ছিলেন ।

**5. কী কারণে মেসোমশাই তপনের লেখা ভালো বলেছিলেন ?**
**উত্তর :** ছোটোমেসোমশাইয়ের নতুন বিয়ে হয়েছে, তাই শ্বশুরবাড়ির একটি বাচ্চাছেলেকে খুশি করতেই মূলত তপনের মেশোমশাই লেখা ভালো হয়েছে বলেছিলেন ।

**6. ''তপন প্রথমটা ভাবে ঠাট্রা''-কোন্ কথাটা তপন ঠাট্রা ভেবেছিল ?**
**উত্তর :** একটু সংশোধন করে দিলে তপনের লেখা গল্পটই ছাপানো চলে-ছোটোনেসোর এই কথাটাকেই তপন ঠাট্রা ভেবেছিল ।

**7. ''ছোটোমাসি সেই দিকে ধাবিত হয়'' ।-ছোটোমাসি কোন্ দোকে ধাপিত হয় ?**
**উত্তর :** নতুন মেসোমশাই যেখানে দিবানিদ্রা দিচ্ছিলেন সেদিকে ছোটোমাসি ধাপিত হয় ।

**8. ''সেটা জানতে তো বাকি নেই ।''-কী জানতে বাকি নেই ?**
**উত্তর :** গল্প জিনিসটা কী তা জানতে তপনের বাকি নেই ।

**9. গল্প লেখার পর তপনের কী মনে হয়েছিল ?**
**উত্তর :** সে ভাবল এখন তাকেও লেখক বলা যায় ।

**10. তপনের লেখা গল্প পড়ে ছথোটোমাসি কী বলেছিল ?**
**উত্তর :** তপনের লেখা গল্প পড়ে ছোটোমাসি 'বেশ লিখেছিস তো' বলে বাহবা জানিয়ে প্রশংসা করলেও লেখাটি কোনো জায়গা থেকে টুকলিফাই করা কি না তা জানতে চেয়েছিল ।

**11. ''তা ঘটেছে, সত্যিই ঘটেছে ।''-কী ঘটেছে ?**
**উত্তর :** তপনের নিজের লেখা গল্প সন্ধ্যাতারা পত্রিকায় ছাপা হয়েছে-এই ঘটনাই ঘটেছে ।

**12. তপনের লেখা গল্পটির নাম কী ?**
**উত্তর :** প্রথম দিন ।

**13. ''ক্রমশ ও কথাটাও ছড়িয়ে পড়ে ।''-কোন্ কথাটা ?**
**উত্তর :** তপনের গল্প কাঁচা লেখা হওয়ায় তাতে একটু-আধটু কারেকশান করতে হয়েছে- তপনের মেসোমশাইয়ের এই কথাটা সারা বাড়িতে ছড়িয়ে পড়ে ।

**14. 'অসুখী একজন' কবিতাটি কে বাংলায় তরজমা করেছেন ?**
**উত্তর :** অসুখী একজন কবিতাটি বাংলা ভাষায় তরজমা

**11. তপনের লেখা গল্পটার নাম কী ছিল-**

a. ছুটি b. অবসর

c. প্রথম দিন d. কোনোটিই নয়

**উত্তর :** c. প্রথম দিন

**12. 'প্রথম দিন' গল্পটির লেখক-**

a. তপন রায় b. শ্রীতপন কুমার রায়

c. তপনচন্দ্র রায় d. তপনপ্রসাদ রায়

**উত্তর :** b. শ্রীতপন কুমার রায়

**13. ''আমাদের থাকলে আমরাও চেষ্টা করে দেখতাম''-উক্তিটির বক্তা-**

a. ছোটোমাসি b. তপনের বন্ধুরা

c. মেজোকাকু d. মেসো

**উত্তর :** c. মেজোকাকু

**14. 'অসুখী একজন' কবিতাটি যে মূল কবিতার ভাষান্তর, তার কবি হলেন-**

a. পাবলো পিকাসো b. পাবলো নেরুদা

c. গিউসেপ্পে উনগারেত্তি d. পেনত্তি সারিকোস্কি

**উত্তর :** b. পাবলো নেরুদা

**15. কবি পাবলো নেরুদার জন্মস্থাম-**

a. চিলি b. ফ্রান্স

c. ইটালি d. জার্মানি

**উত্তর :** a. চিলি

**16. কবি পাবলো নেরুদার সাহিত্যে নোবেল পুরুস্কার লাভ করেন-**

a. ১৯৪১ খ্রি: b. ১৯৭০ খ্রি:

c. ১৯৫২ খ্রি: d. ১৯৭১ খ্রি:

**উত্তর :** d. ১৯৭১ খ্রি:

**17. ''আমি তাকে ছেড়ে দিলাম''-কথক ছেড়ে দিয়েছেন-**

a. তাঁর বাড়িকে b. তাঁর ঘোড়াটিকে

c. একজন মেয়েকে d. তাঁর মাকে

**উত্তর :** c. একজন মেয়েকে

**18. ''একটা কুকুর চলে গেল, হেঁটে গেল''-**

a. একজন অসুখী মেয়ে b. গির্জার এক নান

c. শান্ত হলুদ দেবতারা d. গল্পের কথক

**উত্তর :** b. গির্জার এক নান

**19. ''বৃষ্টিতে ধুয়ে দিল।''-বৃষ্টিতে যা ধুয়ে দিল-**

a. পায়ের দাগ b. রক্তের দাগ

c. চকের দাগ d. চাকার দাগ

**উত্তর :** a. পায়ের দাগ

**20. ''বছরগুলো নেমে এল তার-''**

a. চলার পথে b. জীবনের ওপর

c. মাথার ওপর d. ঘরের দরজায়

**উত্তর :** c. মাথার ওপর

**21. ''মৃত্যু হলো না''-যার মৃত্যু হল না-**

a. কবির b. কবিতার

c. মেয়েটির d. শিশুটির

**উত্তর :** c. মেয়েটির

**22. ''ধরে গেল আগুন''-কোথায়?**

a. ঘন অরণ্যে b. জলবসতিতে

c. ফসলের খেতে d. সমস্ত সমতলে

করেছেন কবি নবারুণ ভট্টাচার্য ।

**15. 'অসুখী একজন'কবিতাটির ইংরেজি তরজমাটির নাম কী ?**

**উত্তর :** অসুখী একজন কবিতাটির তরজমাটির নাম 'The Unhappy One".

**16. অসুখী একজন কবিতাটি পাবলো নেরুদা কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা ?**

**উত্তর :** অসুখী একজন কবিতাটি চিলির প্রখ্যাত কবি পাবলো নেরুদার 'Extra Vagaria' কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতা ।

**17. কবি পাবলো নেরুদার জীবনকাল নির্দেশ করো ?**

**উত্তর :** চিলির প্রখ্যাত কবি পাবলো নেরুদার জীবনকাল ১৯০৪-১৯৭৩ খ্রি: ।

**18. কবি পাবলো নেরুদার প্রকৃত নাম কী ?**

**উত্তর :** কবি পাবলো নেরুদার প্রকৃত নাম নেফতালি রিকার্দো রেয়েস বাসোয়ালতো ।

**19. ''বৃষ্টিতে ধুয়ে দিল...'' -বৃষ্টি এসে কী ধুয়ে দিল ?**

**উত্তর :** বৃষ্টি এসে পথের থেকে কথকের পায়ের দাগ ধুয়ে দিল ।

**20. ''ঘাস জন্মালো রাস্তায়''-ব্যঞ্জনাটি কীসের ?**

**উত্তর :** 'অসুখী একজন' কবিতায় রাস্তায় ঘাস জন্মানোর কথা বলার মধ্য দিয়ে যে পথে রেখে যাওয়া কবির পায়ের ছাপ চিরতরে হারিয়ে যাওয়ার অর্থাৎ কবির স্মৃতি নষ্টের ইঙ্গিত দেওয়া হয়েছে ।

**21. ''নেমে এল তার মাথার ওপর ।''-'মাথার ওপর কী নেমে এল ?**

**উত্তর :** অসুখী একজন কবিতায় কথকের জন্য অপেক্ষারতা নারীর 'মাথার ওপর' একটার পর একটা বছর নেমে আসার কথা বলা হয়েছে ।

**22. ''শিশু আর বাড়িরা খুন হলো ।''-কীভাবে শিশু আর বাড়িরা খুন হল ?**

**উত্তর :** ভয়াবহ যুদ্ধে শিশু আর গৃহস্থ মানুষেরা খুন হল ।

**23. ''সেই মেয়েটির মৃত্যু হলো না ।''-কোন্ মেয়েটির মৃত্যু হল না ?**

**উত্তর :** কথকের অপেক্ষায় থাকা মেয়েটির মৃত্যু হল না ।

**24. শান্ত হলুদ দেবতারা কত বছর ধ্যানে ডুবেছিল ?**

**উত্তর :** হাজার বছর ধরে ধ্যানে ডুবেছিল ।

**25. 'সেই মিষ্টি বাড়ি' -বাড়িটিকে বক্তা মিষ্টি বলেছেন কেন ?**

**উত্তর :** বাড়িটি কবির কাছে 'মিষ্টি' কারণ তার সঙ্গে যুক্ত হয়ে আছে কবির অনেক প্রিয় স্মৃতি ।

**26. ''সম চূর্ণ হয়ে গেল'' -কীভাবে, কী চূর্ণ হয়ে গেল ?**

**উত্তর :** কবিতায় যুদ্ধের প্রচন্ড তান্ডবে কথকের ফেলে আসা মিষ্টি বাড়ি, বারান্দা, গোলাপি গাছ, চিমনি, প্রাচীন জলতরঙ্গ সব চূর্ণ হয়ে গেল ।

❖ এক কথায় উত্তর দাও**(S.A.)** **(Marks-3)**

1. **তপনের প্রথম গল্পটি বের হওয়ার পর তার বাড়ির লোকের প্রতিক্রিয়া কীরূপ?**
2. **'পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে? উদ্ধৃতাংশের কোন্ ঘটনাকে অলৌকিক ঘটনা বলা হয়েছে?**
3. **'তা হোক নতুন নতুন অমন হয়।"-উক্তিটি কে, কখন করেছিল?**

উত্তর : d. সমস্ত সমতলে

23. হাজার বছর ধরে ধ্যানে ডুবেছিল যারা-

a. মন্দিরের সেবাইত | b. ভক্তগণ
c. দৈত্যরা | d. শান্ত হলুদ দেবতারা

উত্তর : d. শান্ত হলুদ দেবতারা

24. কবিতার কথক ঘুমিয়ে ছিলেন বারান্দার-

a. খাটে | b. ঝুলন্ত বিছানায়
c. চৌকিতে | d. মেঝেতে

উত্তর : b. ঝুলন্ত বিছানায়

25. যুদ্ধের আগুনের দাবদাহে নষ্ট হয়ে গেল যে বাদ্যটি-

a. সেতার | b. হারমোনিয়াম
c. বীণা | d. জলতরঙ্গ

উত্তর : d. জলতরঙ্গ

❖ কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও। **(Marks -5)**

1. **'কথাটা শুনে তপনের চোখ মার্বেল হয়ে গেল।" কথাটি কী ছিল? তপনের চোখ মারবেলের মতো হয়ে গেল কেন?**
2. **'জ্ঞানচক্ষু' গল্পে তপনের চরিত্রটি আলোচনা করো।**
3. **সে প্রতিজ্ঞা করে, এরপর সে কোনো গল্প লিখে নিজে গিয়ে ছাপতে দিয়ে আসবে, তাতে ছাপা হোক বা না হোক, তপনের এমন ভাবনার কারণ কি?**
4. **'আমি তাকে ছেড়ে দিলাম"-ছেড়ে চলে আসার পর যে ঘটনাগুলি ঘটেছিল তা সংক্ষেপে লেখো।**
5. **'তারপর যুদ্ধ এল"-যুদ্ধের ভয়ংকর রূপের একটি সংক্ষিপ্ত পরিচয় লিপিবদ্ধ করো।**
6. **'যেখানে আমি ঝুলন্ত বিছানায় ঘুমিয়েছিলাম,ঞ্জ-কে, কখন, কোথায় ঝুলন্ত বিছানায় ঘুমিয়েছিলেন? সেই বিছানার পরিণতি কী হয়েছিল?**
7. **'আয় আরো বেঁধে বেঁধে থাকি"। -কবিতাটিতে কবি দুটি স্তবকের শেষে এ-উচ্চারণ করেছেন। এর তাৎপর্য সংক্ষেপে উল্লেখ করো।**
8. **'আমাদের পথ নেই কোনো"-উদ্‌ধৃতাংশটি কোন্ কবির কোন্ কবিতার অন্তর্গত? 'পথ নেই কোনো" বলার তাৎপর্যটি কবির দৃষ্টি ও উপলব্ধির প্রেক্ষিতে সংক্ষেপে ব্যাখ্যা করো।**
9. **'পৃথিবী হয়তো বেঁচে আছে/পৃথিবী হয়তো গেছে মরে।" উদ্‌ধৃতাংশে কবি 'পৃথিবী' শব্দটিকে কীভাবে ব্যবহার করতে চেয়েছেন?**

4. **লেখকদের সম্পর্কে তপনের কী ধারণা ছিল এবং কীভাবে সেই ধারণা পালটে গেল?**
5. **'সে জানত না"-'সে' কে? সে কী জানত না?**
6. **'তারপর যুদ্ধ এল"-যুদ্ধকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে? যুদ্ধ আসার ফলে কী হয়েছিল?**
7. **'সেই মেয়েটির মৃত্যু হলো না'- কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।**
8. **'সব চূর্ণ হয়ে গেল, জ্বলে গেল আগুনে"-চূর্ণ হওয়া এবং জ্বলে যাওয়ার কারণ কী?**
9. **'আমাদের মাথায় বোমারু / পায়ে পায়ে হিমানীর বাঁধ।" উদ্‌ধৃতাংশে কবি কী বলতে চেয়েছেন?**
10. **'ছড়ানো রয়েছে কাছে দূরে!"-কী ছড়ানো রয়েছে কাছে দূরে? তা দেখে কবির অনুভূতি কী?**
11. **'তবু তো কজন আছি বাকি।"-উদ্‌ধৃতাংশটির মধ্যে কবি কী বার্তা দিতে চেয়েছেন?**
12. **'আমাদের ইতিহাস নেই।"-উদ্‌ধৃতাংশটিতে কবি কী বলতে চেয়েছেন?**



Tinmile Road Branch
Add: Tinmile Road, Chopra, U/D.
Contact No : 9126769860

Sonapur Hat Branch
Add: Khanpara, Sonapur Hat, Chopra, U/D.
Contact No : 9563249093